

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৬, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজাপন

ঢাকা, ০১ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/১৬ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৪৩.১৮.২৫৬ – আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব  
জনাব মো. ইউনুসুর রহমান বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ ‘বিশেষ ব্যাচের’  
কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছরের অধিক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত  
থেকে ১৬ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন।

- ২। প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান  
রাখার জন্য জনাব মো. ইউনুসুর রহমান-কে ধন্যবাদ জানিয়ে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু  
কামনা করে মন্ত্রিসভার ২৯ শ্রাবণ ১৪২৫/১৩ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।
- ৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১০৫২৯ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

২৯ শ্রাবণ ১৪২৫

ঢাকা: -----

১৩ আগস্ট ২০১৮

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব জনাব মো. ইউনুসুর রহমান বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১৯৮২ ‘বিশেষ ব্যাচের’ কর্মকর্তা হিসাবে যোগদানপূর্বক দীর্ঘ ৩৫ বছরের অধিক সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৬ আগস্ট ২০১৮ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করছেন। কর্মজীবনের শুরুতে জনাব মো. ইউনুসুর রহমান মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন। অতঃপর জেলা প্রশাসক হিসাবে তিনি মৌলভীবাজার এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি মাঠ প্রশাসনের সর্বোচ্চ পদ বিভাগীয় কমিশনার হিসাবে খুলনা বিভাগের দায়িত্ব পালন করেন।

সুদীর্ঘ কর্মজীবনে জনাব মো. ইউনুসুর রহমান জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগে এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)-এর চেয়ারম্যানসহ সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়/বিভাগে কর্মরত ছিলেন। একজন স্থিতিধী এবং সৃজনশীল কর্মকর্তা হিসাবে জনাব ইউনুসুর রহমান সমসাময়িক এবং পরবর্তী প্রজন্মের কর্মকর্তাদের জন্য অনুপ্রেরণার উৎস হিসাবে থেকে যাবেন।

জনাব মো. ইউনুসুর রহমান গত ৭ জানুয়ারি ২০১৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব নিযুক্ত হন। অতঃপর তিনি গত ২০ মার্চ ২০১৬ তারিখে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব হিসাবে যোগদান করেন। গত ১৩ জুনাই ২০১৭ তারিখে তিনি সরকারের সিনিয়র সচিব হিসাবে পদোন্তি পেয়ে অদ্যাবধি একই বিভাগে দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

প্রজাতন্ত্রের একজন নিষ্ঠাবান কর্মকর্তা হিসাবে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব মো. ইউনুসুর রহমান-কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁর সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে।